

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ইন্দুরকানী, পিরোজপুর।
indurkani.pirojpur.gov.bd

স্মারক নং : ০৫.১০.৭৯৯০.০০৭.১৮.০৪১.২৫-২০২৫

তারিখ: ২৩ চৈত্র ১৪৩১
০৬ এপ্রিল ২০২৫

আদেশ


যেহেতু আগামী ১০/০৪/২০২৫ খ্রি. তারিখ হতে এস.এস.সি/ দাখিল/ এস.এস.সি (ভোকেশনাল) পরীক্ষা-২০২৫ যথাক্রমে এম. ইউ. মডেল মাধ্যমিক বিদ্যালয়, ইন্দুরকানী/ সেতারা স্মৃতি সরকারি মাধ্যমিক বালিকা বিদ্যালয়/ টগড়া দাফল ইসলাম কামিল মাদরাসা, ইন্দুরকানী/ ভবানিপুর মাধ্যমিক বিদ্যালয়, ইন্দুরকানী কেন্দ্রে/ ভেনুয়েতে অনুষ্ঠিত হতে যাচ্ছে;

সেহেতু ফৌজদারী কার্য বিধির ১৪৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি হাসান-বিন-মুহাম্মাদ আলী, উপজেলা নির্বাহী অফিসার ও এলিজিউটিভ ম্যাজিস্ট্রেট নিম্নরূপ আদেশ জারী করলাম।

০১. উক্ত প্রতিষ্ঠানের সীমানার মধ্যে সকল প্রকার সভা সমাবেশ, মিছিল, মিটিং ইত্যাদি নিষিদ্ধ করা হলো।
০২. পরীক্ষার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা, শিক্ষক-কর্মচারী, পরীক্ষার্থী/ পরীক্ষার্থিনী আইন-শৃঙ্খলা রক্ষার নিয়োজিত ব্যক্তিবর্গ ব্যতিত অপর কোন ব্যক্তি পরীক্ষা কেন্দ্রের ২০০(দুইশত) গজের মধ্যে প্রবেশ করতে পারবে না।
০৩. পরীক্ষা শুরু হওয়ার দু-ঘণ্টা পূর্ব হতে শেষ হওয়ার পরে এক ঘণ্টা অবধি পরীক্ষা কেন্দ্রের ২০০ (দুইশত) গজের মধ্যে কোন প্রকার আগ্নেয়াস্ত্র, লাঠিসোটা বা অন্য কোন প্রকার অস্ত্র বহন করা যাবে না।
০৪. পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষা কেন্দ্রের আশে পাশে ও ইন্দুরকানী বন্দরের সকল ফটোকপিয়ার মেশিন বন্ধ থাকবে।
০৫. পরীক্ষা চলাকালে পরীক্ষা কেন্দ্রের আশে পাশে মাইক কিংবা উচ্চ শব্দ সৃষ্টি করতে পারে এমন কোন শব্দ যন্ত্র ব্যবহার করা যাবে না।

এ আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে সংশ্লিষ্ট আইনে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

উপরোক্ত আদেশসমূহ আগামী ১০/০৪/২০২৫ খ্রি. তারিখ হতে পরীক্ষা আনুষ্ঠানিক কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত বলবৎ থাকবে।
অদ্য ০৬.০৪.২০২৫ খ্রি. তারিখে আমার দস্তখত ও সীল মোহর প্রদত্ত হলো।


হাসান-বিন-মুহাম্মাদ আলী
উপজেলা নির্বাহী অফিসার
ইন্দুরকানী, পিরোজপুর
মোবাইল ০১৩২১-১৩৪০৩২
Email: indurkani00@gmail.com

অনুলিপি: জ্ঞাতার্থে/ কার্যার্থে

০১. জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, পিরোজপুর।
০২. পুলিশ সুপার, পিরোজপুর।
০৩. অফিসার ইন-চার্জ, ইন্দুরকানী থানা।
০৪. প্রধান শিক্ষক/ সুপার.....ও কেন্দ্র সচিব, এস.এস.সি/ দাখিল/ এস.এস.সি (ভোকেশনাল) পরীক্ষা কেন্দ্র-২০২৫, ইন্দুরকানী, পিরোজপুর। (প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৫. অফিস কপি।